

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

নং-২৮.০৭.০০০০.০০৪.১১.০০৬.১৬.০১৫

তারিখ: ১২ পৌষ ১৪২৫
২৬ ডিসেম্বর ২০১৮

নিয়োগপত্র

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) এর ১৮ জানুয়ারি ২০১৮ খ্রি. তারিখের ২৮.০৭.০০০০.০০৪.১১.০০৬.১৬.০১৫ সংখ্যক স্মারকে জারিকৃত ও পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে রাজস্ব খাতে “সার্ভেয়ার” পদে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) এর বিভাগীয় নির্বাচন কমিটির (ডিপিসি) সুপারিশক্রমে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-১৪ টা. ১০২০০ – ২৪৬৮০/- বেতনক্রমে এবং তৎসহ সরকারি বিধি অনুযায়ী দেয়া অন্যান্য ভাতা ও সুবিধাসহ নিম্নবর্ণিত প্রার্থীকে ৩ নং অনুচ্ছেদে বর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

রোল নং	প্রার্থীর নাম	পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	নিজ জেলা	কোটা
১৩০০১৩৬	বোরহান হোসেন	আফসার আলী ও মাহাবুবা বিবি	গ্রাম-চককানু ডাক.-চককানু উপজেলা- মান্দা জেলা- নওগাঁ	গ্রাম-চককানু ডাক.-চককানু উপজেলা- মান্দা জেলা- নওগাঁ	নওগাঁ	সাধারণ জেলা কোটা

২। যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।

৩। নিয়োগের শর্তাবলি:

ক) নিয়োগ প্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশকালে তাঁর/তাদের কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে তাঁর/তাদের শিক্ষানবিশ কাল বর্ধিত করা যেতে পারে। বর্ধিত সময়ে শিক্ষানবিশ থাকা কালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাদের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাদের চাকরির অবসান ঘটাতে পারেন।

খ) নিয়োগ প্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র/জীবন বৃত্তান্তে উল্লিখিত তথ্য অপ্রমাণিত/মিথ্যা প্রমাণিত হলে কিংবা সরকারি/কোন স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকরিতে নিয়োজিত থাকাকালে স্থায়ী উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে আবেদনপত্র দাখিল না করে থাকলে তাঁর/তাদের নিয়োগের আদেশ বাতিল বলে গণ্য হবে এবং তাঁর/তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

গ) চাকরিতে যোগদানের পরপরই নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে পুলিশি প্রত্যয়ন বিবরণী ফরম পূরণ করে জমা দিতে হবে। নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্বকার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে, নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীদের স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল এবং শিক্ষাগত যোগ্যতার সনদের বিষয়ে সঠিকতা প্রমাণিত না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর/তাদের নিয়োগ বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর চাকরিতে যোগদানের পর গৃহীত সকল বেতন ভাতাদির অর্থ ফেরত প্রদান করতে হবে।

ঘ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রামাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর/তাদের নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন।

ঙ) যোগদানের সময় সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি ও এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক অনুলিপি দাখিল করতে হবে।

চ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।


অপর পৃষ্ঠায় দেখুন

ছ) চাকরিতে তাঁর/তাদের জ্যেষ্ঠতা সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী নির্ধারিত হবে।

জ) চাকরিতে যোগাদানের জন্য কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।

ঝ) উক্ত পদ হতে পদত্যাগ করতে চাইলে ন্যূনতম ৩০ (ত্রিশ) দিন পূর্বে লিখিত নোটিশ দিতে হবে। তা দিতে ব্যর্থ হলে ন্যূনতম ৩০ (ত্রিশ) দিনের বেতন যা নিয়োগকারী কর্তৃপক্ষ ধার্য করবেন তা কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

৪। উপরোক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১০ জানুয়ারি ২০১৯ খ্রি. তারিখের মধ্যে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) ১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট উপস্থিত হয়ে যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর/তাদের নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।



(মোঃ নূরুল করিম)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৩৪৬১৯৪

ফ্যাক্স: ৯৩৩৪২১৫

E-mail: emrdbmd@gmail.com

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)

২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৩। আইসিটি কর্মকর্তা, বিএমডি, সেগুনবাগিচা, ঢাকা (বিএমডির ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, সেগুনবাগিচা, ঢাকা।

৫। অফিস কপি।